অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/6/2020 গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

চলমান COVID-19 বৈশ্বিক মহামারীর সময়, গভর্নর কুওমো নিউ ইয়র্ক স্টেটের অন পজ (NYS ON PAUSE) কার্যসমূহ পরবর্তী দুই সপ্তাহের জন্য প্রলম্বিত করার ঘোষণা করেছেন

আগামী 29শে এপ্রিল পর্যন্ত স্কুল ও অপরিহার্য নয় এমন ব্যবসাগুলি অতিরিক্ত দুই সপ্তাহ বন্ধ থাকার নির্দেশ

রাজ্যের সামাজিক দূরত্ব প্রোটোকল লঙ্ঘনের জন্য সর্বোচ্চ জরিমানা 500 মার্কিন ডলার থেকে বৃদ্ধি করে 1,000 মার্কিন ডলার করেছেন

শুধুমাত্র COVID-19 রোগীদের জন্য USNS কমফর্ট হসপিটাল জাহাজ ব্যবহার করার জন্য অনুরোধ

রাজ্যের "সার্জ অ্যান্ড ফ্লেক্স" সিস্টেমের মাধ্যমে 802টি ভেন্টিলেটর ডাউনস্টেটে বিতরণ করা হয়েছে

ফার্স্ট রেস্পন্ডার্স ফান্ড (First Responders Fund) প্রতিষ্ঠা করেছেন যা COVID-19 এর প্রথম প্রতিক্রিয়াকারীদের সাথে সম্পর্কিত খরচের জন্য ব্যবহৃত হবে - ব্ল্যাকস্টোন (Blackstone) 10 মিলিয়ন মার্কিন ডলারের অ্যাঙ্কর দান করছে

রাজ্য হেডস্পেসের সঙ্গে অংশিদারিত্ব করছে বিনামূল্যে ধ্যান একাগ্রতা বিষয়ক বিষয়বস্তু সকল নিউইয়র্কবাসীদের জন্য বিনামূল্যে প্রদান করার জন্য

এই সপ্তাহে স্ট্যাটেন আইল্যান্ডে সাউথ বিচ সাইকিয়াট্রিক সেন্টার (South Beach Psychiatric Center) এবং 170 বাফেলো অ্যাভেনিউতে ব্রুকলিন সেন্টার টেম্পোরারি হাসপাতাল (Brooklyn Center Temporary Hospital) খুলবে এই সপ্তাহে বিশেষ করে COVID-19 রোগীদের জন্য

নিউ ইয়র্ক স্টেটে আরও 8,658টি করোনাভাইরাসের ঘটনা নিশ্চিত করে - যা রাজ্যব্যাপী মোট আক্রান্তের সংখ্যাকে 130,689-এ নিয়ে আসে; 48টি কাউন্টিতে নতুন ঘটনার সংখ্যা

চলমান COVID-19 বিশ্বব্যাপী মহামারীর মাঝে, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ নিউ ইয়র্ক স্টেট অন পজের (NYS on Pause) সকল কাজগুলি পরবর্তী দুই সপ্তাহের জন্য সম্প্রসারিত করার কথা ঘোষণা করেছেন। গভর্নর আগামী 29শে এপ্রিল পর্যন্ত স্কুল ও অপরিহার্য নয় এমন ব্যবসাগুলি অতিরিক্ত দুই সপ্তাহ বন্ধ রাখার নির্দেশ দিয়েছেন। এই অতিরিক্ত দুই সপ্তাহের পরে স্টেট পুনরায় মূল্যায়ন করবে।

গভর্নর কুওমো আরো ঘোষণা করেছেন যে রাজ্যের সামাজিক দূরত্বের প্রোটোকল লঙ্ঘনের জন্য সর্বোচ্চ জরিমানা 500 মার্কিন ডলার থেকে 1,000 মার্কিন ডলার পর্যন্ত বৃদ্ধি করা হচ্ছে সামাজিক দূরত্ব প্রটোকল মেনে না চলার জন্য। গভর্নর স্থানীয় কতৃপক্ষগুলিকে মনে করিয়ে দিয়েছেন যে প্রোটোকলগুলি বলবত করার কর্তৃত্ব তাঁদের রয়েছে।

গভর্নর আজ ফেডারাল সরকারকে অনুরোধ করছেন, USNS কমফর্ট হসপিটাল জাহাজকে COVID-19 রোগীদের জন্য ব্যবহার করতে দিতে। প্রেসিডেন্ট ট্রাম্প ইতিমধ্যেই জাভিটস অস্থায়ী হাসপাতালের সুবিধাটি শুধুমাত্র COVID-19 পজিটিভ রোগীদের জন্য ব্যবহার করার জন্য গভর্নরের অনুরোধ মঞ্জুর করেছেন এবং USNS কমফর্টের যোগ হওয়া COVID-19 রোগীদের জন্য 1,000 শয্যা যোগ করে রাজ্যের হাসপাতাল ব্যবস্থার উপর চাপ দূর করতে সাহায্য করবে।

গভর্নর আরো ঘোষণা করেন যে রাজ্যের "সার্জ এবং ফ্লেক্স" সিস্টেমের মাধ্যমে 802টি ভেন্টিলেটর ডাউনস্টেটে বিতরণ করা হয়েছে যেখানে সব হাসপাতালের সিস্টেমগুলি একসাথে এক হয়ে কাজ করছে এবং জিনিষপত্র, সরঞ্জাম এবং কর্মীদের ভাগ করে নিচ্ছে। 802টি ভেন্টিলেটরগুলির মধ্যে 38টি রকল্যান্ড কাউন্টিতে, 36টি ওয়েস্টচেস্টার কাউন্টিতে, 505টি নিউ ইয়র্ক সিটিতে মোতায়েন করা হয় এবং 223টি লং আইল্যান্ডে মোতায়েন করা হয়।

গভর্নর কুওমো COVID-19 স্বাস্থ্য সেবা কর্মীদের সহায়তা করার জন্য ফার্স্ট রেস্পন্ডার্স ফান্ড তৈরি করার কথা ঘোষণা করেছেন শিশু পরিচর্যা সহ খরচ এবং মূল্য নিয়ে। রাজ্য স্বাস্থ্য দপ্তর এই তহবিলের জন্য দান গ্রহণ করছে, আর ব্ল্যাকস্টোন এই ফান্ডে অ্যাঙ্কর 10, মিলিয়ন মার্কিন ডলার অবদান রাখছে। Https://www.healthresearch.org/donation-form/ -এ বৈদ্যুতিনভাবে বা নীচের ঠিকানায় পাঠানো চেকের মাধ্যমে দান করা যেতে পারে। দাতাদের উল্লেখ করতে হবে এই অনুদানের জন্য "COVID-19 নন্স ইমার্জেন্সি রেসপন্স" এর জন্য।

Health Research, Inc.
150 Broadway
Suite 560
Menands, NY 12204

গভর্নর আরও ঘোষণা করেছেন যে রাজ্য হেডস্পেসের সাথে অংশিদারীত্ব করছে একাগ্রতা ও ধ্যানের ক্ষেত্রে এক বৈশ্বিক নেতা, এই অভূতপূর্ব জনস্বাস্থ্য সংকটের মোকাবেলা করার জন্য নিউইয়র্কের অধিবাসীদের জন্য একটি মানসিক স্বাস্থ্য সম্পদ হিসেবে বিনামূল্যে ধ্যান ও একাগ্রতা সংক্রান্ত

বিষয়বস্তু প্রদান করে। নিউ ইয়র্কবাসীরা বিজ্ঞান-সমর্থিত, প্রমাণ-ভিত্তিক নির্দেশিত ধ্যানের একটি সংগ্রহ অ্যাক্সেস করতে পারবেন, এবং তার সঙ্গে বাড়িতে করা যায় এমন একাগ্রতার অনুশীলন, ঘুম এবং বাচ্চাদের জন্য কন্টেন্ট যা ক্রমবর্ধমান চাপ এবং উদ্বেগ সামাল দিতে সাহায্য করবে www.headspace.com/ny-তে।

গভর্নর আরো ঘোষণা করেন যে, স্ট্যাটেন আইল্যান্ডের সাউথ বিচ সাইকিয়াট্রিক সেন্টার এবং 170 বাফেলো এভিনিউর ব্রুকলিন সেন্টার টেম্পোরারি হাসপাতাল এ সপ্তাহে খুলবে এবং বিশেষ করে COVID-19 রোগীদের জন্য ব্যবহার করা হবে।

"এই ভাইরাসটি একটি শত্রু যার অবমূল্যায়ন করেছে সারা দেশ প্রথম দিন থেকে এবং আমরা তার দাম দিতে হয়েছে," **গভর্নর কুওমো বলেন।** "যদিও সংখ্যা দেখে মনে হচ্ছে হয়ত আমরা ঘুরে দাঁড়াচ্ছি কিন্তু এখন সামাজিক দূরত্ব শিথিল করার সময় নয় - তা একটি ভুল হবে এবং এ ক্ষেত্রে আমাদের সবারই একটা দায়িত্ব ও সামাজিক ভূমিকা রয়েছে। আমি যেমন প্রথম দিন থেকে বলেছি, আমি জনস্বাস্থ্য ও অর্থনৈতিক কর্মকাণ্ডের মধ্যে একটিকে বেছে নেবো না, আর সেই উদ্দেশ্যে আমি অতিরিক্ত দুই সপ্তাহের জন্য NYS অন পজের ফাংশনগুলি প্রসারিত করছি। মানুষ মারা যাচ্ছে এবং আমাদের স্বাস্থ্য পরিষেবা কর্মীরা প্রতিদিন প্রচণ্ড ঝুঁকির মধ্যে নিজেদের ফেলছেন। সামাজিক দূরত্বের ক্ষেত্রে নিজের জন্য শৃঙ্খলাপরায়ণ হওয়ার জন্য যদি আমরা আপনাকে বোঝাতে না পারি, অন্য মানুষের জন্য শৃঙ্খলাপরায়ণ হন।"

পরিশেষে, গভর্নর আরও ৪,658টি নভেল করোনাভাইরাস আক্রান্তের ঘটনা নিশ্চিত করেছেন, যা নিউ ইয়র্ক স্টেট জুড়ে মোট নিশ্চিত আক্রান্তের সংখ্যা 130,689-এ নিয়ে আসে। মোট 130,689 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

কাউন্টি	মোট ইতিবাচক	নতুন ইতিবাচক
Albany	319	14
Allegany	17	1
Broome	76	5
Cattaraugus	12	2
Cayuga	11	3
Chautauqua	15	4
Chemung	47	9
Chenango	46	3
Clinton	36	3
Columbia	59	8
Cortland	13	3
Delaware	29	2
Dutchess	1,189	112
Erie	1,023	105

Essex	7	0
Franklin	10	0
Fulton	11	2
Genesee	23	1
Greene	24	0
Hamilton	2	0
Herkimer	25	3
Jefferson	33	7
Lewis	6	3
Livingston	22	3
Madison	82	3
Monroe	574	26
Montgomery	15	0
Nassau	15,616	1,218
Niagara	120	4
NYC	72,181	4,630
Oneida	100	13
Onondaga	271	3
Ontario	32	0
Orange	3,397	295
Orleans	13	2
Oswego	29	1
Otsego	34	5
Putnam	345	31
Rensselaer	62	2
Rockland	5,703	377
Saratoga	153	5
Schenectady	138	10
Schoharie	11	0
Schuyler	4	0
Seneca	9	0
St. Lawrence	59	4
Steuben	75	12
Suffolk	13,487	1,082
Sullivan	253	19
Tioga	8	1
Tompkins	94	6
Ulster	372	40

Warren	26	1
Washington	19	1
Wayne	34	2
Westchester	14,294	571
Wyoming	23	1
Yates	1	0

# # #

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন